



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জেলা হিসাবরক্ষণ অফিসারের কার্যালয়, নড়াইল। সিটিজেন, চার্টার

## জেলা হিসাব রক্ষণ অফিসের প্রধান কার্যাবলীঃ

- \* নিরীক্ষাধীন অফিস সমূহের কর্মচারীদের বেতন/ভাতার বিল পাশ, বেতন নির্ধারন ও ছুটির হিসাব সংরক্ষণ।
- \* চেক ড্রইং ক্ষমতা সম্পন্ন দপ্তরসমূহের (গণপুত, সড়ক ও জনপথ, জনস্বাস্থ্য প্রকৌশল) কর্মচারীদের বেতন/ভাতা পরিশোধ।
- \* নিরীক্ষাধীন অফিস সমূহের সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ এবং অন্যান্য খাতের বিল পাশ।
- \* কর্মচারীদের জিপিএফ অগ্রিম/চূড়ান্ত পরিশোধ, বিভিন্ন ঋণ ও অগ্রিম, পেনশন ও আনুতোষিক পরিশোধ।
- \* অনলাইন বেতন ও পেনশন নিধারণ এবং এতদসংক্রান্ত যাবতীয় দাবী নিষ্পত্তি।
- \* সংশ্লিষ্ট সিএও অফিসের অথরিটির ভিত্তিতে অনুদান ও প্রকল্পের ছাড়কৃত অর্থের দাবী পরিশোধ।
- \* মন্ত্রণালয়ভিত্তিক প্রাপ্তি এবং অনুন্নয়ন ও উন্নয়ন বাজেটের বিপরীতে ব্যয়ের হিসাব সংরক্ষণ এবং তার ভিত্তিতে মাসিক হিসাব প্রণয়ন।
- \* জেলা পর্যায়ের বিভিন্ন অফিসের হিসাবের সাথে ডিএও অফিসের হিসাবের সংগতিসাধন।
- \* সোনালী ব্যাংকের সাথে প্রাপ্তি ও পরিশোধের সংগতিসাধন।
- \* সরকারি কোষাগারে জমাকৃত অর্থের চালান যাচাই।
- \* সিভিল অডিট কর্তৃক উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ।

## ডিএও অফিস কর্তৃক প্রদত্ত সেবা এবং সেবা প্রদানের সম্ভাব্য সময়সীমাঃ

ক্রমিক নং	সেবা	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের সময়সীমা	মন্তব্য
১.	বেতন বিল নিষ্পত্তি (২৫ তারিখের মধ্যে দাখিল সাপেক্ষে)	সরকারি কর্মচারী	পরবর্তী মাসের ১ম কর্মদিবসে	
২.	জিপিএফ অগ্রিম/চূড়ান্ত পরিশোধ, গৃহনির্মানসহ অন্যান্য অগ্রিম ও ভ্রমন ভাতা বিল নিষ্পত্তি	সরকারি কর্মচারী	প্রাপ্তির তারিখ হতে ০৩ কর্মদিবসের মধ্যে	
৩.	জিপিএফ ব্যালেন্স স্থানান্তর, পে-স্লিপ ইস্যু	সরকারি কর্মচারী	০৭ কর্মদিবসের মধ্যে	
৪.	সরবরাহ ও সেবা, মেরামত, সংরক্ষণ, সম্পদ সংগ্রহ ইত্যাদি খাতসহ উন্নয়ন খাতের বিল নিষ্পত্তি।	ডিডিও/ঠিকাদার	০৭ কর্মদিবসের মধ্যে	
৫.	বেতন নিধারণ, সার্ভিস বহি ও পেনশন নিষ্পত্তি	সরকারি কর্মচারী	১০ কর্মদিবসের মধ্যে	
৬.	জিপিএফ একাউন্ট স্লিপ ইস্যু	সরকারি কর্মচারী	১ জুলাই হতে ৩০ সেপ্টেম্বরের মধ্যে	
৭.	মাসিক পেনশন	অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী	পরবর্তী মাসের ১০ কর্মদিবসের মধ্যে	

## প্রত্যাশিত সেবা নিশ্চিতকারী কর্মকর্তা

জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নড়াইল, ফোন নং- ০৪৮১-৬২৪১৫  
পরবর্তী কতৃপক্ষঃ ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্ট, খুলনা ডিভিশন, খুলনা ফোন নং- ০৪১-৭৬০০৬২